গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী ।

কোম্পানীগঞ্জ উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

১। সভাপতি ঃ বেগম আরজুমান পারভীন
মহিলা ভাইস চেয়ারম্যান
কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ ,নোয়াখালী
ও
সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি ।

সভার তারিখ ০৪/১০/২০২১ইং
সভার সময় ঃ বিকাল ০৩.৩০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ ।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট- "ক"

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন ।

৩। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, "পরিবেশ বান্ধব সোলার ওয়াটার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহকরণ" প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ১৫টি সোলার ইউনিট এর বরাদ্দ পাওয়া গিয়াছে।

২০২০-২১ অর্থ বছরে **"সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ"** (SWSC) প্রকল্পের আওতায় ১০৮ টি গভীর নলকূপ ও ১০০টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে এবং নলকূপ স্থাপন কাজ স্থাপন কাজ শেষ হয়েছে এবং সাবমারসিবল মটর, ১০০০লিটারের পানির ট্যাংক,পানির ট্যাংক রাখার জন্য জলাধার নির্মাণসহ অন্যান্য কাজ শেষ করা হয়েছে এবং নলকূপ তত্ত্বাবধায়কদের নিকট হস্তান্তর করা হয়েছে । তাছাড়া ২০২০-২১ অর্থ বছরে **পল্লী অঞ্চলে পানি সরবরাহ** (VWSP) প্রকল্পের আওতায় ৬৩টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপের স্থাপন কাজ শেষ হয়েছে এবং সাবমারসিবল মটর, ১০০০লিটারের পানির ট্যাংক,পানির ট্যাংক রাখার জন্য জলাধার নির্মাণসহ অন্যান্য কাজ শেষ করা হয়েছে এবং নলকূপ তত্ত্বাবধায়কদের নিকট হস্তান্তর করা হয়েছে ।

৪। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, **PEDP-4** প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরের ১। উত্তর পূর্ব চর কাকড়া স.প্রা.বি ২। মাকসুদা মডেল স.প্রা.বি.৩। শহীদ মুক্তিযোদ্ধা সিদ্দিক উল্যাহ সরকারী প্রাঃ বিঃ এর ওয়াশব্লক নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে এবং নির্মাণ কাজ শুরু হয়েছে।

৫। জাতীয় স্যানিটেশন প্রকল্প (৩য় পর্যায়) এর আওতায় ২০২০-২১ অর্থ ০২টি পাবলিক টয়লেটের বরাদ্দ পাওয়া গেছে এবং ১। যোগিদিয়া শ্রীশ্রী জয়কালী মন্দির ২। চৌধুরির হাট বাজারে(ইউনিয়ন পরিষদ সংলগ্ন) পাবলিক টয়লেট নির্মাণের জন্য স্থান নির্বাচন করা হয়েছে এবং কাজ চলমান আছে।

যথাসময়ে কাজ সম্পন্ন করার লক্ষ্যে তদারকি অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয় ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয় ।

(বেগম আরজুমান পারভীন)
মহিলা ভাইস চেয়ারম্যান
কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী
ও
সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি ।

স্মারক নং ঃ ২৮/২
তারিখ ঃ ০৪/১০/২০২১ইং

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরন করা হলো ঃ
১। উপজেলা চেয়ারম্যান, কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ ,নোয়াখালী।
২। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ উপজেলা ,নোয়াখালী।

(উপ-সহকারী প্রকৌশলী)
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী
ও সদস্য সচিব
উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি ।

Scanned with CamScanner

পরিশিষ্ট ”ক”

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি

তারিখঃ ০৪/১০/২০২১ ইং

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	বেগম আরজুমান পারভীন মহিলা ভাইস চেয়ারম্যান কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ ,নোয়াখালী	সভাপতি	
২	আজম পাশা চৌধুরী ভাইস চেয়ারম্যান কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ ,নোয়াখালী	সদস্য	
৩	জামাল উদ্দিন লিটন চেয়ারম্যান ৫নং চরফকিরা ইউ পি	সদস্য	
৪	ইকবাল বাহার চৌধুরী চেয়ারম্যান ৬ নং রামপুর	সদস্য	
৫	মোঃ ইব্রাহীম খলিল উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য সচিব	

Scanned with CamScanner